

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।




স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.০১৪.০৩১.১৮(অংশ-১)- ২৭/২৭

তারিখঃ ০৮/১২/২০২২ খ্রি:

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের মাধ্যমে বাল্যবিবাহ প্রতিরোধের তথ্য প্রদান প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের মাধ্যমে সমগ্র বাংলাদেশে ৪৮৮৩ টি (৪৫৫৩ টি ইউনিয়ন ও ৩৩০ টি পৌরসভা) কিশোর কিশোরী ক্লাব পরিচালিত হচ্ছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের যে সমস্ত লক্ষ্য ও উদ্দেশ্য রয়েছে তার মধ্যে অন্যতম বাল্যবিবাহ প্রতিরোধ করা। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের মাধ্যমে প্রকল্পের শুরু থেকে বর্তমান সময় পর্যন্ত প্রত্যেক উপজেলা পর্যায়ে কতগুলো বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে তার বিবরণ (সংখ্যায়) নিম্ন স্বাক্ষরকারী বরাবর আগামী ২২/১২/২০২২ খ্রি: তারিখের মধ্যে kkcpadmn@gmail.com মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হল এবং বাল্যবিবাহ প্রতিরোধে কিশোর কিশোরী ক্লাব সদস্যদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হল।

উপ পরিচালক (সংশ্লিষ্ট সকল জেলা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল উপজেলা)


মো: তরিকুল আলম
অতিরিক্ত সচিব
প্রকল্প পরিচালক (অ:দা)
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)।
- ০২। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১ শাখা, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০৪। ফিল্ড সুপারভাইজর, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প।
- ০৪। অফিস কপি।